মেহেরপুরে সেনা অভিযানে অস্ত্র ও গুলি উদ্ধার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুর গ্রামে সেনা অভিযানে একটি ভারতীয় ওয়ান শুটারগান, ৫২ রাউন্ড গুলি ও ১২ রাউন্ড গুলির খোসা উদ্ধার করেছে সেনাবাহিনী।

গতকাল বৃহস্পতিবার (১৫ মে) দিবাগত রাত ১টার দিকে মেহেরপুর সেনাবাহিনীর একটি টহল দল এ অভিযান চালায়।

সেনাবাহিনী সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে—রাধাকান্তপুর গ্রামের কবরস্থানে একটি ডাকাতদল নাশকতা ও ডাকাতির প্রস্তুতি নিচ্ছে। খবর পাওয়ার পর মেজর ফজলে রাব্বির নেতৃত্বে সেনা সদস্যরা দ্রুত সেখানে পৌঁছায়।

সেনাবাহিনীর উপস্থিতি টের পেয়ে ডাকাত দলের সদস্যরা পালিয়ে যায়। পরে ঘটনাস্থল তল্লাশি করে ১টি ভারতীয় ওয়ান শুটার পিস্তল, ৩৩ রাউন্ড ০.২২ মিমি গুলি, ৭ রাউন্ড ১২ গেজ গুলি এবং ১৮টি ব্যবহৃত ১২ গেজ গুলির খোসা উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবাহ উদ্দিন আহমেদ জানান, উদ্ধারকৃত অস্ত্র ও গুলি থানায় জমা দেওয়া হয়েছে। এ ঘটনায় অস্ত্র ও বিস্ফোরক দ্রব্য আইনে একটি মামলা দায়ের করা হয়েছে। ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত ও গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে।

মুজিবনগরে অস্ত্র ও গুলিসহ যুবক আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের একটি পান বরজে অভিযান চালিয়ে ময়েন উদ্দীন (৩২) নামের এক ব্যক্তিকে দেশীয় তৈরী একটি একনলা বন্দুক ও ২ রাউন্ড গুলিসহ আটক করেছে সেনাবাহিনীর

নেতৃত্বে যৌথবাহিনীর একটি টিম।

মঙ্গলবার রাতে তাকে আটক করে মুজিবনগর থানায় হস্তান্তর করা হয়। আটক ময়েন উদ্দীন মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের পশ্চিমপাড়া এলাকার জমির উদ্দীনের ছেলে।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।
তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে ২৭ আর্টিলারী রেজিমেন্টের মেহেরপুর সেনা ক্যাম্পের মেজর জাহিনের নেতৃত্বে যৌথবাহিনীর একটি টিম মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ময়েন উদ্দীনকে তাঁর বাড়িতে অভিযান চালিয়ে আটক করেন। পরে তাঁর স্বীকারোক্তি মোতাবেক বাড়ির পাশে একটি পানবরজের মধ্যে থেকে দেশীয় তৈরী একটি নলা বন্দুক ও দুই রাউন্ড গুলি উদ্ধার করা হয়।
মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান, ময়েন উদ্দীনকে মাঝরাতে থানায় আনা হয়েছে। এখন তাঁর বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন। আজ বুধবার আদালতে নেওয়া হবে।
স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, ময়েন উদ্দীনের ভয়ে কেউ কথা বলতে পারতো না। গত ৫ আগষ্ট স্বৈরাচার আওয়ামী লীগ সরকার পতনের পর ময়েন উদ্দীনও পলাতক ছিলেন। বেশ কিছুদিন থেকে পুলিশ ও সেনাবাহিনী তাঁর বাড়িতে নিয়মিত অভিযান চালাচ্ছিলেন। অবশেষে সে যৌথবাহিনীর অভিযানে আটক হলেন।
উল্লেখ্য, আটক ময়েন উদ্দীনের বড় ভাই এলাকার চিহ্নিত সন্ত্রাসী ৩ টি হত্যা ৩টি, ৪টি ডাকাতি ও বিস্ফোরক দ্রব্য আইনে ৩টিসহ ডজন মামলার আসামী মজিবুল হক মজিবুল হক মজি মুজিবনগর উপজেলার মোনাখালী কোমরগর্ত মাঠে পুলিশের সাথে বন্দুক যুদ্ধে নিহত হয়েছিলেন। সে সময় ১টি এলজি সার্টারগান, ২টি কার্তুজ খোসা, ৪টি তাজা কার্তুজ, ৩টি হাতবোমা ও দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়েছিল।

ঝিনাইদহের শৈলকুপায় অস্ত্র ও গুলিসহ আটক ২

ঝিনাইদহের শৈলকুপায় দেশীয় তৈরী ওয়ান শ্যুটারগান ও গুলিসহ ২ জনকে আটক করেছে র্যাব-৬। গতকাল রোববার বিকেলে উপজেলার রামচন্দ্রপুর এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো- যশোরের কোতয়ালী থানার শালীআট গ্রামের আলতাফ হোসেনের ছেলে ইমলাত হোসেন (২৮) ও ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কৃষ্ণপুর গ্রামের মৃত মোহাম্মদ আলী মন্ডলের ছেলে হানিফ মন্ডল (৪৮)।

র্যাব-৬, সিপিসি-২, ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেজর নাঈম আহমেদ জানান, শৈলকুপার রামচন্দ্রপুর গ্রামের অস্ত্র কেনাবেচা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালায় র্যাব। সেসময় ইমলাত হোসেন ও হানিফ মন্ডলকে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ২ টি ওয়ান শ্যুটারগান ও ২ রাউন্ড গুলি।

সেসময় তাদের কাছ থেকে জব্দ করা হয়েছে একটি মোটর সাইকেল। এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মামলা দায়ের করে আসামীদের শৈলকুপা থানায় সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে অস্ত্র ও গুলিসহ ৫ জন আটক

একটি বিদেশী পিস্তল, ১ রাউন্ড গুলি ও পিস্তলের ম্যাগজিনসহ ৫ সন্ত্রাসী ও জুয়াড়ি আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল শনিবার বিকেল সাড়ে চারটার সময় মেহেরপুরের মুজিবনগর উপজেলার শিবপুর গ্রামের শামীম হোসেন ওরফে বিজয় শেখের বাড়ির সিঁড়ি ঘরের পায়খানার ট্রাংকীর ভিতর থেকে মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে পিস্তুল, গুলি ও ম্যাগজিন উদ্ধার করেন।

আটকরা হলেন, শিবপুর গ্রামের মৃত শাহাজুল শেখের ছেলে ওই বাড়ির মালিক শামীম হোসেন ওরফে বিজয় শেখ (২২), তার অপর ৪ সঙ্গী একই উপজেলার কোমরপুর গ্রামের বিল্লাল শেখের ছেলে প্রিন্স শেখ (৩৪), সিরাজুল ইসলামের ছেলে শাহিন রেজা (২৪) যশোর কোতোয়ালী উপজেলার ঝুমঝুমপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে রাজন হাসান (২৯) ও শফিকুল ইসলামের ছেলে আলামিন (৩১)।